গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জেলা প্রশাসকের কার্যালয়, সিলেট
সাধারণ শাখা
www.sylhet.gov.bd

SYLHET
*the daughter of nature*

## শেখ রাসেল দিবস ২০২২ উদযাপনের লক্ষ্যে প্রস্তুতিমূলক সভার কার্যবিবরণী

সভাপতি: মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক, সিলেট
সভার স্থান: জেলা প্রশাসকের সম্মেলনকক্ষ
সভার তারিখ: ১২ অক্টোবর ২০২২
সভার সময়: সকাল ১১.০০ ঘটিকা
উপস্থিত সদস্যবৃন্দ: পরিশিষ্ট 'ক'

উপস্থিত সকলকে শুভেচ্ছা জানিয়ে সভার কার্যক্রম শুরু করা হয়। সভার শুরুতেই স্বাধীনতার মহান স্থপতি, সর্বকালের সর্বশ্রেষ্ঠ বাঙালি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও ১৫ আগস্ট ১৯৭৫ তারিখে শাহাদত বরণকারী সকল শহিদদের প্রতি বিনম্র শ্রদ্ধা নিবেদন করা হয়। বঙ্গবন্ধুর কনিষ্ঠ পুত্র শেখ রাসেল এর স্মৃতির প্রতিও গভীর শ্রদ্ধা জ্ঞাপন করা হয়। সভায় জানানো হয়, আগামি ১৮ অক্টোবর ২০২২ সারা দেশব্যাপী ২য় বারের মত জাতীয়ভাবে শেখ রাসেল দিবস ২০২২ উদ্‌যাপিত হবে। উক্ত দিবসের প্রতিপাদ্য বিষয় হচ্ছে- 'শেখ রাসেল নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক'। সভায় সার্বিক আলোচনা শেষে শেখ রাসেলের জন্মবার্ষিকী উদযাপন উপলক্ষ্যে নিম্নবর্ণিত কর্মসূচি পালন করার সিদ্ধান্ত গৃহীত হয়:

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ১. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ৮.৩০ ঘটিকা | শেখ রাসেল-এর প্রতিকৃতিতে পুষ্পস্তবক অর্পণ | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন | ১.অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),সিলেট |
| ২. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ৮.৪৫ ঘটিকা | বর্ণাঢ্য র‍্যালি আয়োজন | জেলা প্রশাসকের কার্যালয় প্রাঙ্গন হতে বন্দর বাজার-চৌহাট্টা হয়ে নগরীর রিকাবীবাজারস্থ কবি নজরুল অডিটোরিয়াম | ১.অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),সিলেট<br>২. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিলেট<br>৩. দপ্তর প্রধান (সকল) |
| ৩. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ৯.০০ ঘটিকা | শেখ রাসেলের জীবনী নিয়ে আলোচনা সভা | কবি নজরুল অডিটোরিয়াম | ১. অতিরিক্ত জেলা প্রশাসক (সার্বিক),সিলেট<br>২. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিলেট |
| ৪. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ১০.০০ ঘটিকা | কেন্দ্রীয়ভাবে আয়োজিত উদ্বোধনী ও শেখ রাসেল পদক প্রদান অনুষ্ঠান সরাসরি সম্প্রচার | কবি নজরুল অডিটোরিয়াম, জেলা ও উপজেলা পর্যায়ে সকল শিক্ষা প্রতিষ্ঠানের শেখ রাসেল ডিজিটাল ল্যাব এবং ইউনিয়ন ডিজিটাল সেন্টার | ০১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিলেট<br>৩. জেলা শিক্ষা অফিসার, সিলেট |
| ৫. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ১১.০০ ঘটিকা | সাংস্কৃতিক অনুষ্ঠান আয়োজন | জেলা শিল্পকলা একাডেমি | জেলা কালচারাল অফিসার, সিলেট |

| ক্রমিক | তারিখ ও সময় | কর্মসূচি | স্থান | বাস্তবায়নকারী |
|---|---|---|---|---|
| ৬. | ১৮ অক্টোবর ২০২২ সুবিধাজনক সময়ে | চিত্রাংকন এবং রচনা প্রতিযোগিতা আয়োজন | জেলা শিশু একাডেমি | জেলা শিশু বিষয়ক কর্মকর্তা, সিলেট |
| ৭. | ১৮ অক্টোবর ২০২২ সুবিধাজনক সময়ে | প্রিয় শেখ রাসেল বিষয়ক প্রেজেন্টেশন প্রতিযোগিতা | জেলা পর্যায়ের সুবিধাজনক শেখ রাসেল ডিজিটাল ল্যাব | ১. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিলেট<br>২.জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট |
| ৮. | ১৮ অক্টোবর ২০২২ | শ্রেষ্ঠ শেখ রাসেল ল্যাব নির্বাচন ও পুরস্কার প্রদানের ব্যবস্থা গ্রহণ | সরকারি অগ্রগামী বালিকা উচ্চ বিদ্যালয় | ১. প্রোগ্রামার, আইসিটি অধিদপ্তর, সিলেট<br>২.জেলা শিক্ষা অফিসার, সিলেট |
| ৯. | ১২-১৮ অক্টোবর ২০২২ সুবিধাজনক সময়ে | প্রচার ও ব্রান্ডিং: দিবস উপলক্ষ্যে নির্মিত থিম সংগীত, অডিও, পোস্টার, লিফলেট প্রজেক্টর, ডিজিটাল বিলবোর্ড ও স্থানীয় মিডিয়ার মাধ্যমে প্রচার | শহরের গুরুত্বপূর্ণ স্থান ও সরকারি দপ্তরের সম্মুখে | জেলা তথ্য অফিস, সিলেট |
| ১০. | ১৮ অক্টোবর ২০২২ সকাল ৮.৩০- দিনব্যাপী | র‍্যালি, আলোচনা সভা ও সাংস্কৃতিক অনুষ্ঠানে নিরাপত্তা প্রদান | শহিদ মিনার, কবি নজরুল অডিটোরিয়াম ও আশেপাশের এলাকা | পুলিশ কমিশনার সিলেট মেট্রোপলিটন পুলিশ |
| ১১. | ১৮ অক্টোবর ২০২২ সুবিধাজনক সময়ে | (ক) শিক্ষকরা প্রত্যেক ক্লাসে ছাত্র-ছাত্রীদের শেখ রাসেলের জীবনী পাঠ করে শুনানো<br>(খ) শেখ রাসেলের উপর প্রামাণ্যচিত্র প্রদর্শনী | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১.উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২. জেলা শিক্ষা অফিসার, সিলেট<br>৩. জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, সিলেট<br>৪.জেলা তথ্য অফিসার, সিলেট |
| ১২. | ১৮ অক্টোবর ২০২২ | সিলেট জেলার সকল সরকারি দপ্তর/অফিসে একই ডিজাইনের 'শেখ রাসেল নির্মলতার প্রতীক, দুরন্ত প্রাণবন্ত নির্ভীক' শিরোনামে ড্রপডাউন ব্যানার টানানো | স্ব-স্ব প্রতিষ্ঠান | ১. দপ্তর প্রধান (সকল), সিলেট<br>২.উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৩. | ১৮ অক্টোবর ২০২২ | শেখ রাসেলের রুহের মাগফেরাত কামনা করে প্রত্যেক মসজিদ (বাদ জোহর) এবং মন্দিরে (সুবিধাজনক সময়ে) দোয়া ও বিশেষ প্রার্থনা আয়োজন | ধর্মীয় প্রতিষ্ঠান | ১. উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট<br>২. পরিচালক, ইসলামিক ফাউন্ডেশন, সিলেট |
| ১৪. | ১৮ অক্টোবর ২০২২ | জেলার কর্মসূচির সাথে সংগতি রেখে উপজেলা পর্যায়ে স্ব স্ব কর্মসূচি পালন | সরাসরি | উপজেলা নির্বাহী অফিসার (সকল), সিলেট |
| ১৫. | ১৮ অক্টোবর ২০২২ | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্রে দিবসের সাথে সংগতিপূর্ণ বিভিন্ন কর্মসূচি গ্রহন | শেখ রাসেল শিশু প্রশিক্ষণ ও পুনর্বাসন কেন্দ্র | উপপরিচালক, জেলা সমাজসেবা কার্যালয়, সিলেট |

সভাপতি আগামি ১৮ অক্টোবর ২০২২ তারিখে শেখ রাসেলের জন্ম বার্ষিকী 'ক' শ্রেণিভুক্ত দিবস হিসেবে যথাযোগ্য মর্যাদায় ২য় বারের মত উদযাপন নিশ্চিত করতে সার্বিক নিরাপত্তা বিধানসহ সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন। পরিশেষে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।


মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট
☎০২৯৯৬৬৩২১৯০
ই-মেইল :dcsylhet@mopa.gov.bd

নম্বর: ০৫.৪৬.৯১০০.০১০.১৬.০১৬.১৮. ৬২৮

তারিখ: ২৭ আশ্বিন ১৪২৯
১২ অক্টোবর ২০২২

বিতরণ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১) সিনিয়র সচিব, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
২) বিভাগীয় কমিশনার, সিলেট বিভাগ, সিলেট
৩) পুলিশ কমিশনার, এসএমপি, সিলেট
৪) প্রধান নির্বাহী কর্মকর্তা, সিলেট সিটি কর্পোরেশন
৫) পুলিশ সুপার, সিলেট
৬) প্রধান নির্বাহী কর্মকর্তা, জেলা পরিষদ, সিলেট
৭) সিভিল সার্জন, সিলেট
৮) উপপরিচালক, স্থানীয় সরকার, সিলেট
৯) নির্বাহী প্রকৌশলী ............................................ (সকল), সিলেট
১০) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট জেলা আওয়ামীলীগ
১১) সভাপতি/সাধারণ সম্পাদক, সিলেট মহানগর আওয়ামীলীগ
১২) চেয়ারম্যান ...................................................... উপজেলা পরিষদ (সকল), সিলেট
১৩) উপজেলা নির্বাহী অফিসার.................................(সকল), সিলেট
১৪) পরিচালক/উপপরিচালক, ...................................... (সকল), সিলেট
১৫) জেলা ................................................................ কর্মকর্তা/ অফিসার, সিলেট
১৬) জেলা শিক্ষা কর্মকর্তা, জেলা শিক্ষা অফিস, জেলা শিক্ষা অফিস, সিলেট
১৭) জেলা প্রাথমিক শিক্ষা অফিসার, জেলা প্রাথমিক শিক্ষা অফিস, সিলেট
১৮) প্রোগ্রামার, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি অধিদপ্তর, সিলেট
১৯) জনাব, .........................................................................................

মোঃ মজিবর রহমান
জেলা প্রশাসক
সিলেট